



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/৫৭১

তারিখঃ ২২/০৯/২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

৫৮তম কমিশন সভা অদ্য ২২/০৯/২০১৬ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন অধ্যকার সভায় 'সপ্তম আইসিবি ইউনিট ফান্ড'-এর প্রসপেক্টাস কিছু সংশোধনীসহ (কনভারসন গাইডলাইন অনুসরণ করার কারণে) অনুমোদন করেছে। উল্লেখ্য যে, 'সপ্তম আইসিবি মিউচুয়াল ফান্ড'টি মেয়াদি থেকে বে-মেয়াদি (Growth Fund)-তে রূপান্তরিত হয়েছে। ফান্ডের প্রাথমিক লক্ষ্যমাত্রা ৪৭ কোটি টাকা। 'সপ্তম আইসিবি মিউচুয়াল ফান্ড'-এর সম্পদ ব্যবস্থাপক ছিল ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)। রূপান্তরিত ফান্ড 'সপ্তম আইসিবি ইউনিট ফান্ড'-এর সম্পদ ব্যবস্থাপক হিসেবে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিমিটেড এবং ট্রাস্টি ও কাস্টডিয়ান হিসেবে কাজ করবে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ।
২. Finance Act, 2015 (Act No. 10 of 2015) এবং Finance Act, 2016 (Act No. 28 of 2016) অনুযায়ী আয়কর প্রদানকারী সকল তালিকাভুক্ত ব্যাংক, ইস্যুরেন্স, আর্থিক প্রতিষ্ঠান এবং তাদের সাবসিডিয়ারী সমূহকে একই আয় বছর অনুসরণ করার জন্য অর্থাৎ জানুয়ারী-ডিসেম্বর আর্থিক বছর ধরে আর্থিক বিবরণী প্রস্তুত করতে হবে। তাদের আবেদনের প্রেক্ষিতে উক্ত বিধান পরিপালনের লক্ষ্যে উল্লিখিত তালিকাভুক্ত কোম্পানি ও তাদের সাবসিডিয়ারী সমূহকে কতিপয় সিকিউরিটিজ আইন পরিপালনের বাধ্যবাধকতা থেকে ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত আজকের সভায় গৃহীত হয়। এ সংক্রান্ত নির্দেশনা অতিসত্ত্বর জারী করা হবে।


২২/০৯/২০১৬

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক
ও
মুখপাত্র।